

ত্রিত্ব কি নিয়ন্ত্রণের অনুক্রমে গঠিত? নারী ও পুরুষ ও কি তাই?

মূল শব্দ

perichoresis

না, অবশ্যই না! পিতা, পুত্র ও পাক-রুহ সব দিক দিয়ে নিখুঁত, কর্তৃত্বের, ক্ষমতার ও ইচ্ছার দিক দিয়ে আলাদা নয়। ত্রিত্ব নিয়ন্ত্রণের অনুক্রমে/ক্রমোচ্চ শ্রেণীবিভাগে গঠিত নয়। বরং ত্রিত্ব আল্লাহ নিখুঁত ও পারস্পারিক ভাগাভাগির মাধ্যমে তাদের গুণাবলি ও কাজ গুলি একসাথে সম্পন্ন করে।
ইউহোনা ১৪:১৬, ২৩ ও ২৬ দেখুন।

“আমি পিতার কাছে চাইব, আর তিনি তোমাদের কাছে চিরকাল থাকবার জন্য আর একজন সাহায্যকারীকে পাঠিয়ে দেবেন। ঈসা তাঁকে জবাব দিলেন, “যদি কেউ আমাকে মহব্বত করে তবে সে আমার কথার বাধ্য হয়ে চলেবে। আমার পিতা তাকে মহব্বত করবেন এবং আমরা তার কাছে আসব আর তার সংগে বাস করব। যে আমাকে মহব্বত করে না সে আমার কথার বাধ্য হয়ে চলে না। যে কথা তোমরা শুনছ তা আমার কথা নয় কিন্তু যিনি আমাকে পাঠিয়েছেন সেই পিতারই কথা। তোমাদের সংগে থাকতে থাকতেই এই সব কথা আমি তোমাদের বলেছি। সেই সাহায্যকারী, অর্থাৎ পাক-রুহ যাঁকে পিতা আমার নামে পাঠিয়ে দেবেন, তিনিই সব বিষয়ে তোমাদের শিক্ষা দেবেন, আর আমি তোমাদের যা কিছু বলেছি সেই সব তোমাদের মনে করিয়ে দেবেন।

আরিয়ান ভ্রান্ত শিক্ষা এই আধুনিক সময়ে আবার চাঙ্গা হয়ে উঠছে

৪র্থ শতাব্দীতে, আরিয়াস, মিশরের আলেকজান্দ্রিয়ার একজন পুরোহিত, এই বিশ্বাস ছড়িয়েছেন যে পিতা আল্লাহ পুত্র ঈসাকে সৃষ্টি করেছেন। আরিয়াস বলেছেন, ‘এমন সময় ছিল যখন র অস্তিত্ব ছিল না।’ এই জঘন্য তত্ত্ব যেন জামাতকে কলুষিত না করতে পারে তার জন্য জামাত নাইসিয়া(৩২৫ খ্রীস্টাব্দে) ও কস্টানটিনোপোল(৩৮১ খ্রীস্টাব্দে) ত্রিত্বের তত্ত্ব স্পষ্ট করার জন্য একটি সভা ডাকেন। বর্তমানে কিছু ইভানজেলিকাল ধর্মতাত্ত্বিকরা ও নেতারা আরিয়াসের বিশ্বাসের দিকে ঝুঁকি পড়ছে। যদিও তারা বিশ্বাস করে যে ঈসা অনন্ত কিন্তু তাদের মতে পিতা ও পুত্রের কর্তৃত্বের মাত্রা আলাদা। তারা বলে, পিতা আদেশ দেয়, পুত্র পালন করে। এই বিশ্বাস পিতাকে সর্বশ্রেষ্ঠ স্থানে রাখার বিশ্বাসের সমান্তরাল। ত্রিত্বের এই নিচু তত্ত্ব তাদেরকে পিতা থেকে পুত্রকে ছোট করে দেখা এবং একই ভাবে নারী ও পুরুষের মধ্যে নারীকে ছোট করে দেখার দিকে নেতৃত্ব দেয়। সমান কিন্তু আলাদা।

PERICHORESIS (পেরিকোরেসিস) = চারদিক আবর্তিত হওয়া অথবা পারস্পারিক বসবাস

এই পাগলাটে শব্দের অর্থ কি?

আদি জামাত আরিয়ান ভ্রান্ত শিক্ষা ও ত্রিত্বের সম্পর্কে স্পষ্ট করার জন্য perichoresis এই শব্দটি ব্যবহার করেছিল। (peri = চারপাশে, choresis = আবর্তন, পারস্পারিক বসবাস)। পেরিকোরেসিস অর্থ ত্রিত্বের কোন ব্যক্তিই একে অপরের থেকে আলাদা হয়ে স্বাধীনভাবে কিছুই করতে পারবে না। যখন পুত্র কাজ করে তখন পিতা ও রুহও একইভাবে কাজ করে। ঈসা বলেছেন, যদি তুমি আমাকে দেখ, তাহলে আমার পিতাকেও দেখিয়েছ। ঈসা পঞ্চাশতমীকে এইভাবে বর্ণনা করেছেন যে, পাক-রুহ বিশ্বাসীদের মধ্যে বাস করতে আসবেন। এই একই সময়ে পিতা ও পুত্রও আমাদের সাথে বাস করতে আসবেন। প্রতিটি বেহেস্তী কার্যক্রম; সৃষ্টি, ক্রুশ, পঞ্চাশতমী- সমস্ত কিছুই ত্রিত্বের তিন ব্যক্তির সংযুক্ততায় সম্পন্ন হয়েছে।

পেরিকোরেসিস বলতে অরো বোঝায় যে ত্রিত্বের এক ব্যক্তির মধ্যে যে গুণাবলি দেখা যায় অন্য ব্যক্তির মধ্যেও এই গুণ থাকবে। অতএব যখন আমরা দেখি, ঈসা ভালবাসেন, সুস্থ করেন ক্ষমা করেন, তখন বুঝতে হবে পিতা ও পাক-রুহও ঠিক এমনই। এইভাবেই, যখন আমরা দেখি, ঈসা আত্মসমর্পণ করে ও বশ্যতা স্বীকার করে তখন পিতা ও পাক-রুহও একইভাবে আত্মসমর্পণ করে ও বশ্যতা স্বীকার করে।

উপসংহার

পিতা, পুত্র ও পাক-রুহ অনন্তকালীন ভাবে ক্ষমতা ও কর্তৃত্ব ভাগ করে নেয়, কেউ কারো থেকে কম নয়, কেউ বেশি নয়। আল্লাহ এরকম অপরিবর্তনীয়, অনন্তকালীন ক্ষমতার পদানুক্রম ধরে রাখেননি। নারী ও পুরুষেরও

এমন করা উচিত নয়।

* আদি জামাতের বিশ্বাস এবং নাইসিয়ান ও কস্টানটিনোপোলের ত্রিত্বের বিশ্বাস:

“পিতার থেকে জাত সমস্ত কালের পূর্বে, আল্লাহের আল্লাহ, পিতার মতো একই রূপে।”
অ্যাথানাশিয়ান- কেউ কারো পূর্বে নয়, কেউ কারো পরে নয়, কেউ বড়ো নয়, কেউ ছোট নয়।

এই বিষয়টি দেখুন- কাপ্লাডোসিয়ান ফাদার

৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি আল্লাহ সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?